



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



131561

নং-বামাশিবো/প্রশাসন/ ০৬/২ /কক্সবাজার-১২৩


তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার পদে সহ-সুপার জনাব মিজানুর রহমানকে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার দাবীদার জনাব কুলসুমা বেগম (সহকারী শিক্ষক) এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য দাতা সদস্য জনাব আব্দুল গফুর অত্র বোর্ডে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের সাথে সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, সুপার সনদ জালিয়াতির অভিযোগে সাময়িক বরখাস্ত হওয়ায় একইসাথে এমপিও তালিকায় অন্তর্ভুক্ত না হওয়ায় দাখিলকৃত সর্বশেষ এমপিও কপিতে জ্যেষ্ঠতার ক্রমানুসারে সহ-সুপার জনাব মিজানুর রহমান ভারপ্রাপ্ত সুপার মর্মে প্রতিয়মান হয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসায় সুপার না থাকায় ও সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনায় জ্যেষ্ঠতা অনুযায়ী সহ-সুপার জনাব মিজানুর রহমান ভারপ্রাপ্ত সুপার প্রতিয়মান হওয়ায় পত্র জারির পর থেকে তিনি ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেওয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
০৪.০২.২০


মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

ভারপ্রাপ্ত সুপার,  
তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসা,  
কুতুবজোম, মহেশখালী, কক্সবাজার;


  
১৫/০২/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/ ০৬/২ /কক্সবাজার-১২৩

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী, কক্সবাজার;
৫. জনাব আব্দুল গফুর (অভিযোগকারী), মহেশখালী, কক্সবাজার;
৬. সভাপতি, তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসা, কুতুবজোম, মহেশখালী, কক্সবাজার;
৭. ম্যানেজার, সোনালী/জনতা/রূপালী/অগ্রণী ব্যাংক..... শাখা, মহেশখালী, কক্সবাজার;
৮. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
১৮/২/২০

মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

  
১৫/০২/২০২১